

আমাদের সময়

আমাদের সময়ে প্রতিবেদন প্রকাশ

ছাত্রলীগের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিলেন উপাচার্য

হাবিব রহমান

ঢাকা কলেজে অনার্সে ভর্তি ছাত্রদের কাছ থেকে চাঁদা আদায়ের ঘটনায় অভিযুক্ত ছাত্রলীগ নেতাদের বিরুদ্ধে সাধারণ ডায়েরি (জিডি) করেছে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এইচএম তায়েহিদ জামাল রাজধানীর নিউমার্কেট থানায় জিডি (নম্বর : ১০০০) করেন। গতকাল বুধসপ্তিমবার আমাদের সময় পত্রিকায় 'কলেজ গেটে টেবিল বসিয়ে ছাত্রলীগের চাঁদাবাজি' শিরোনামে একটি সচিত্র প্রতিবেদন প্রকাশের পর জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ পদক্ষেপ গ্রহণ করল। এদিকে প্রতিবেদন প্রকাশের পর বন্ধ হয়ে গেছে চাঁদাবাজি। সরিয়ে ফেলা হয়েছে চাঁদাবাজির কাজে ব্যবহৃত চেয়ার-টেবিলও। জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

ছাত্রলীগের বিরুদ্ধে

(প্রথম পৃষ্ঠার পর) অধ্যাপক ড. হারুন-অর-রশিদ গতকাল আমাদের সময়ে বলেছেন, অভিযুক্তদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। কাজিকে ছাড় দেওয়া হবে না। এ ছাড়া এ বিষয়ে ঢাকা কলেজ কর্তৃপক্ষের কাছে জানতে চাওয়া হয়েছে। আগামী সিন্ডিকেট সভায় এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। চাঁদাবাজির এমন চিত্র জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নজরে আনায় আমাদের সময়ে বিশেষ ধন্যবাদ জানিয়েছেন তিনি। আমাদের সময়ে প্রকাশিত প্রতিবেদনে দেখা যায়, ঢাকা কলেজের প্রধান ফটকসহ তিন স্তরে চাঁদাবাজি শুরু করেন কলেজটির বিলুপ্ত কমিটির ছাত্রলীগের নেতাকর্মী। প্রত্যেক ছাত্রের কাছ থেকে ৩৫০ টাকা থেকে শুরু করে ৪৫০ টাকা পর্যন্ত চাঁদা নিশ্চিহ্নে তারা। এমনকি দুপুর ২টার পর অফিস বন্ধ হয়ে গেলেও নিজেরাই জমা নিশ্চিহ্নে আবেদন ফরম। এ ক্ষেত্রে শিক্ষার্থীদের দিতে হয়েছে আরও বেশি চাঁদা। এমনকি ছুটির দিনেও থেমে থাকত না তাদের চাঁদা নিয়ে ফরম জমা নেওয়া কার্যক্রম। অন্যদিকে প্রতিবেদন প্রকাশের জন্য আমাদের সময়ে ধন্যবাদ জানিয়েছেন ভর্তি ছাত্ররা। এ ছাড়া জিডির বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বলে আমাদের সময়ে জানিয়েছেন নিউমার্কেট থানার ওসি ইয়াসিন আরাফাত।